

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
(শিক্ষা ও আইসিটি শাখা)  
www.coxsbazar.gov.bd.

**এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি	ঃ জনাব মোঃ আলী হোসেন, জেলা প্রশাসক, কক্সবাজার
সভার তারিখ ও সময়	ঃ ১৯.০৪.২০১৭ খ্রি. সকাল-১১.০০ ঘটিকা
সভার স্থান	ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কক্সবাজার
সভায় উপস্থিতি	ঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে শুনান। বিগত সভার সিদ্ধান্তে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।

সভাপতি বলেন, দেশের সকল জেলায় এনজিও ওয়েব পোর্টাল খোলা হয়েছে এবং নিয়মিত ডাটা আপডেট করা হচ্ছে। তার ধারাবাহিকতায় কক্সবাজার জেলায়ও এনজিও ওয়েব পোর্টাল ইতোমধ্যে খোলা হয়েছে এবং অনেক এনজিও কার্যক্রমের তথ্য আপডেট করা হয়েছে। কক্সবাজার জেলায় এনজিও পোর্টাল খোলা হয়েছে। তিনি আরো বলেন, পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে এনজিও বার্তা/এনজিও নিউজ লেটার মার্চের মধ্যে প্রকাশের কথা থাকলেও এখনো প্রকাশ করা যায়নি। ফলে তিনি আগামী সভার পূর্বে এনজিও নিউজ লেটার প্রকাশনা কার্যক্রম সম্পন্ন করে অনলাইনে প্রকাশের বিষয়টি নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। ইপসা প্রতিনিধি বলেন গণস্বাস্থ্য প্রতিনিধি জনাব জোনাব আলীকে প্রকাশনা কমিটিতে অন্তর্ভুক্তির অনুরোধ জানান। সভাপতি এনজিওদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বাংলাদেশ ঘূর্ণি দূর্গত দেশ। প্রতি বছরের ন্যায় এ বছরও জলোচ্ছ্বাস ও প্রাকৃতিক দুর্যোগে সরকারের পাশাপাশি এনজিওদের এগিয়ে আসতে হবে। দুর্যোগ মোকাবিলা ও দুর্যোগকালীন সময়ে ক্ষতিগ্রস্তদের দ্রুত সহায়তা প্রদানের বিষয়টি নিশ্চিত করবে হবে। এ লক্ষ্যে এনজিওদের কর্মপরিকল্পনায় দুয়োগের বিষয়টি সামনে রেখে কর্মসূচী প্রণয়ন করতে হবে।

সভায় এনজিওদের কার্যক্রমের উপর Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন এসিএফ এর ফিল্ড কো-অর্ডিনেটর মোহাম্মদ মাহাদি। তিনি বলেন এসিএফ পুষ্টি, মেন্টাল হেল্থ, ওয়াটার স্যানিটেশন, ফুড সিকিউরিটি নিয়ে প্রায় ৫০টি দেশে কাজ করে। তাদের কার্যক্রমে দুর্যোগে আক্রান্ত মানুষদের পাশে থেকে নিউট্রেশন, ওয়াটার স্যানিটেশন নিয়ে কাজ করে। এসিএফ এর প্রদর্শিত প্রেজেন্টেশনে ও কার্যক্রম বাস্তবায়নে উপস্থিত এনজিও প্রতিনিধিদের ধন্যবাদ জানান। জেলা এনজিও সমন্বয় সভায় কক্সবাজার জেলায় কর্মরত বিভিন্ন এনজিও'র কর্মকর্তা ও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

**সিদ্ধান্তসমূহ :**

- ১। “এনজিও বার্তা কক্সবাজার” এর প্রথম প্রকাশনা আগামী সভার পূর্বে প্রকাশ পূর্বক জেলা এনজিও সমন্বয় কমিটির পরবর্তী সভায় অনলাইনে প্রদর্শন করবেন। এনজিও বার্তা প্রকাশনা কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।
- ২। যে সকল এনজিও মাসিক নিয়মিত প্রতিবেদন জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করবেন না তাদের তালিকা তৈরী করা হবে। সহকারী কমিশনার এনজিও তালিকা প্রণয়ন পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবেন।
- ৩। দেশে বিরাজমান আইন-শৃংখলা পরিস্থিতি বজায় রাখার স্বার্থে জেলায় কর্মরত এনজিও সমূহের মাঠপর্যায়ের কর্মীবৃন্দ জঙ্গী কার্যক্রমে সম্পৃক্ত কিংবা যে কোন তথ্য স্থানীয় থানায় কিংবা স্থানীয় প্রশাসনকে অবহিত করবেন।
- ৪। “এনজিও বার্তা, কক্সবাজার” এর প্রকাশনা ও প্রচারণার জন্য প্রকাশনা কমিটির গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় অবহিত করবেন।
- ৫। আগামী সভায় ব্যুরো বাংলাদেশ তাদের কার্যক্রমের প্রতিবেদন Power Point এ উপস্থাপন করবেন।
- ৬। এনজিওদের সকল কর্মকান্ডের সিডিউল অন্তত ১ (এক) সপ্তাহ আগে এনজিও [ngocoxsbazar@gmail.com](mailto:ngocoxsbazar@gmail.com) ই-মেইলে প্রেরণ করবেন।

৭। দুর্যোগকালীন সময়ে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে জেলায় কর্মরত এনজিও সমূহ প্রতিবছরের ন্যায় প্রস্তুতি গ্রহণ করবেন এবং নিজ নিজ উর্দ্ধতন কর্তৃপক্ষকে চাহিদা প্রেরণ করবেন। এছাড়া তাদের প্রস্তুতির বিষয়টি জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তাকে অবহিত করবেন।

৮। এনজিও সমন্বয় সভায় জেলা পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন ও সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর

মো: আলী হোসেন  
জেলা প্রশাসক  
কক্সবাজার

ফোনঃ-০৩৪১-৬৩২০০

E-mail : [dccoxsbazar@mopa.gov.bd](mailto:dccoxsbazar@mopa.gov.bd)

স্মারক নং-০৫.২০.২২০০.১২৭.১০.০০৪.২০১৭-

২৩২

তারিখ : ৬ মে, ২০১৭ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১ মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩ শহীদ ক্যাপ্টেন মনছুর আলী সরণী, মৎস্য ভবন (১০ম তলা) রমনা, ঢাকা।
- ২ কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩ শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
- ৪ পুলিশ সুপার, কক্সবাজার।
- ৫ সিভিল সার্জন, কক্সবাজার।
- ৬ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, কক্সবাজার।
- ৭ জেলা.....কর্মকর্তা, কক্সবাজার।
- ৮ উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), কক্সবাজার।
- ৯ সদস্য-সচিব, সী-বীচ ম্যানেজমেন্ট কমিটি, কক্সবাজার।
- ১০ জনাব.....এনজিও প্রতিনিধি, কক্সবাজার।
- ১১ অফিস কপি।

স্বাক্ষর  
জেলা প্রশাসক  
কক্সবাজার

২/৫/১৭